# ২০১৯

# ইতিহাস

## নতুন পাঠ্যক্রম

(For Regular & External Candidates)

www.sciencetips.in

### বিভাগ 'ক'

**১। সঠিক উত্তরটি নির্বাচন করো :** **২০ × ১ = ২০**

**১.১** মোহনবাগান ক্লাব আই.এফ.এ. শিল্ড জয় করেছিল-

(ক) ১৮৯০ খ্রিঃ

(খ) ১৯০৫ খ্রিঃ

(গ) ১৯১১ খ্রিঃ

(ঘ) ১৯১৭ খ্রিঃ

**১.২** দাদাসাহেব ফাল্কে যুক্ত ছিলেন-

(ক) চলচ্চিত্রের সঙ্গে

(খ) ক্রীড়া জগতের সঙ্গে

(গ) স্থানীয় ইতিহাসচর্চার সঙ্গে

(ঘ) পরিবেশের ইতিহাসচর্চার সঙ্গে

**১.৩** 'গ্রামবার্তা প্রকাশিকা' প্রকাশিত হত-

(ক) যশোর থেকে

(খ) রানাঘাট থেকে

(গ) কুষ্টিয়া থেকে

(ঘ) বারাসাত থেকে

**১.৪** কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম বি. এ. পরীক্ষা অনুষ্ঠিত হয়-

(ক) ১৮৫৭ খ্রিঃ

(খ) ১৮৫৮ খ্রিঃ

(গ) ১৮৫৯ খ্রিঃ

(ঘ) ১৮৬০ খ্রিঃ

**১.৫** কলকাতা মেডিকেল কলেজের প্রথম অধ্যক্ষ ছিলেন-

(ক) ড. এম. জে. ব্রালি

(খ) ড: এইচ. এইচ. গুডিভ

(গ) ড: এন. ওয়ালিশ

(ঘ) ড: জে. গ্রান্ট

**১.৬** তিতুমিরের প্রকৃত নাম ছিল-

(ক) চিরাগ আলি

(খ) হায়দর আলি

(গ) মির নিসার আলি

(ঘ) তোরাপ আলি

**১.৭** সন্ন্যাসী-ফকির বিদ্রোহের অন্যতম নেতা ছিলেন-

(ক) রানী কর্ণাবতী

(খ) রানী শিরোমণি

(গ) দেবী চৌধুরানী

(ঘ) রানী দুর্গাবতী

**১.৮** ”বন্দেমাতরম্” সঙ্গীতটি রচিত হয়-

(ক) ১৮৭০ খ্রিঃ

(খ) ১৮৭২ খ্রিঃ

(গ) ১৮৭৫ খ্রিঃ

(ঘ) ১৮৭৬ খ্রিঃ

**১.৯** ’বর্তমান ভারত’ গ্রন্থটি রচনা করেন-

(ক) অক্ষয় কুমার দত্ত

(খ) রাজনারায়ণ বসু

(গ) স্বামী বিবেকানন্দ

(ঘ) রমেশচন্দ্র মজুমদার

**১.১০** গগনেন্দ্রনাথ ঠাকুর ছিলেন-

(ক) সংগীত শিল্পী

(খ) নাট্যকার

www.sciencetips.in

(গ) কবি

(ঘ) ব্যঙ্গ চিত্রশিল্পী

**১.১১** 'বর্ণপরিচয়' প্রকাশিত হয়েছিল-

(ক) ১৮৪৫ খ্রিঃ

(খ) ১৮৫০ খ্রিঃ

(গ) ১৮৫৫ খ্রিঃ

(ঘ) ১৮৬০ খ্রিঃ

**১.১২** বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট প্রতিষ্ঠিত হয়-

(ক) ১৯০৫ খ্রিঃ

(খ) ১৯০৬ খ্রিঃ

(গ) ১৯১১ খ্রিঃ

(ঘ) ১৯১২ খ্রিঃ

**১.১৩** সর্বভারতীয় কিষান সভার প্রথম সভাপতি ছিলেন-

(ক) এন. জি. রঙ্গ

(খ) স্বামী সহজানন্দ

(গ) বাবা রামচন্দ্র

(ঘ) লালা লাজপত বসু

**১.১৪** কংগ্রেস সমাজতন্ত্রী দল প্রতিষ্ঠিত হয়েছিল-

(ক) কলকাতায়

(খ) দিল্লিতে

(গ) বোম্বাইতে

(ঘ) মাদ্রাজে

**১.১৫** 'ওয়ার্কার্স অ্যান্ড পেজেন্টস্ পার্টি' যুক্ত ছিল-

(ক) রাওলাট সত্যাগ্রহে

(খ) অসহযোগ আন্দোলনে

(গ) বারদৌলি সত্যাগ্রহে

(ঘ) সাইমন কমিশন বিরোধী আন্দোলনে

**১.১৬** বাংলার গভর্নর স্ট্যান্সী জ্যাক্সনকে হত্যা করার চেষ্টা করেন—

(ক) বীণা দাস



www.sciencetips.in

(খ) কল্পনা দত্ত

(গ) প্রীতিলতা ওয়াদ্দেদার

(ঘ) সুনীতি চৌধুরী

**১.১৭** অ্যান্টি সার্কুলার সোসাইটির সম্পাদক ছিলেন-

(ক) শচীন্দ্রপ্রসাদ বসু

(খ) কৃষ্ণকুমার মিত্র

(গ) চিত্তরঞ্জন দাস

(ঘ) আনন্দমোহন বসু

**১.১৮** ভাইকম সত্যাগ্রহ অনুষ্ঠিত হয়েছিল-

(ক) মালাবারে

(খ) মাদ্রাজে

(গ) মহারোাষ্ট্র

(ঘ) গোদাবরী উপত্যকায়

**১.১৯** যে দেশীয় রাজ্যটি গণভোটের মাধ্যমে ভারতীয় ইউনিয়নের অন্তর্ভুক্ত হয়-

(ক) কাশ্মীর

(খ) হায়দ্রাবাদ

(গ) জুনাগড়

(ঘ) জয়পুর

**১.২০** ভাষাভিত্তিক গুজরাট রাজ্যটি গঠিত হয়-

(ক) ১৯৫৩ খ্রিঃ

(খ) ১৯৫৬ খ্রিঃ

(গ) ১৯৬০ খ্রিঃ

(ঘ) ১৯৬৫ খ্রিঃ

## বিভাগ ’খ’

**২। যে কোনো ষোলটি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি প্রশ্নের উত্তর দিতে হবে) :** **১৬ × ১ = ১৬**

**উপবিভাগ : ২.১**

**একটি বাক্যে উত্তর দাও :**



www.sciencetips.in

**(২.১.১)** 'গোরা' উপন্যাসটি কে রচনা করেন?

**(২.১.২)** বাংলা ভাষায় প্রকাশিত প্রথম চিত্রিত গ্রন্থের নাম লেখো।

**(২.১.৩)** কোন্ বছর শ্রীরামপুর মিশন প্রেস প্রতিষ্ঠিত হয়?

**(২.১.৪)** উষা মেহতা কোন্ আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন?

**উপবিভাগ: ২.২**
**ঠিক বা ভুল নির্ণয় করো :**

**(২.২.১)** 'সোমপ্রকাশ' পত্রিকার সম্পাদক ছিলেন দ্বারকানাথ বিদ্যাভূষণ।

**(২.২.২)** কলকাতা বিশ্ববিদ্যালয়-এর প্রথম মহিলা এম. এ. ছিলেন কাদম্বিনী বসু (গাঙ্গুলি)।

**(২.২.৩)** বাংলায় সশস্ত্র বিপ্লবী আন্দোলনের অন্যতম নেত্রী ছিলেন বাসন্তী দেবী।

**(২.২.৪)** দীপালি সংঘ প্রতিষ্ঠা করেন কল্পনা দত্ত।

**উপবিভাগ : ২.৩**
**'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :**

| **'ক' স্তম্ভ** | **'খ' স্তম্ভ** |
|---|---|
| **(২.৩.১)** বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় | (১) হিন্দু বালিকা বিদ্যালয় |
| **(২.৩.২)** নবগোপাল মিত্র | (২) কৃষক আন্দোলন |
| **(২.৩.৩)** বীরেন্দ্রনাথ শাসমল | (৩) হিন্দু মেলা |
| **(২.৩.৪)** ড্রিঙ্কওয়াটার বেথুন | (৪) বঙ্গদর্শন |

**উপবিভাগ : ২.৪**
**প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত ও নামাঙ্কিত কর:**

**(২.৪.১)** সাঁওতাল বিদ্রোহের (১৮৫৫) এলাকা।

**(২.৪.২)** বারাসাত বিদ্রেহের এলাকা।

**(২.৪.৩)** নীলবদ্রেহের অন্যতম কেন্দ্র: যশোর।

**(২.৪.৪)** দেশীয় রাজ্য হায়দ্রাবাদ।

**অথবা**

**(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**



www.sciencetips.in

**শূন্যস্থান পূরণ কর :**

**(২.৪.১)** সরলাদেবী চৌধুরানীর আত্মজীবনী গ্রন্থের নাম ______________ ।

**(২.৪.২)** কলকাতা মেডিক্যাল কলেজ প্রতিষ্ঠিত হয় ______________ খ্রিস্টাব্দে।

**(২.৪.৩)** সুই মুন্ডা ছিলেন ______________ বিদ্রোহের অন্যতম নেতা।

**(২.৪.৪)** ভারতসভা প্রতিষ্ঠিত হয় ______________ খ্রিস্টাব্দে।

**উপবিভাগ: ২.৫**
**নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক বাক্যটি নির্বাচন কর :**

**(২.৫.১) বিবৃতি:** রামমোহন রায় লর্ড আহার্স্টকে চিঠি লিখেছিলেন (১৮২৩ খ্রিঃ)।
**ব্যাখ্যা ১ :** সতীদাহ প্রথা বন্ধের অনুরোধ জানিয়ে।
**ব্যাখ্যা ২ :** ভারতে পাশ্চাত্য শিক্ষাবিস্তারের আবেদন জানিয়ে।
**ব্যাখ্যা ৩ :** ভারতে সংস্কৃত শিক্ষাবিস্তারের আবেদন জানিয়ে।

**(২.৫.২) বিবৃতি :** স্বামী বিবেকানন্দ 'বর্তমান ভারত' গ্রন্থটি রচনা করেন।
**ব্যাখ্যা ১ :** তাঁর উদ্দেশ্য ছিল আধুনিক ভারতের ইতিহাস প্রণয়ন করা।
**ব্যাখ্যা ২:** তাঁর উদ্দেশ্য ছিল নব্য হিন্দুধর্ম প্রচার করা।
**ব্যাখ্যা ৩:** তাঁর উদ্দেশ্য ছিল স্বাদেশিকতা প্রচার করা।

**(২.৫.৩) বিবৃতি :** বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে শ্রমিক-কৃষকদের জন্য কোনো কর্মসূচি গ্রহণ করা হয়নি।
**ব্যাখ্যা ১ :** শ্রমিক-কৃষকরা এই আন্দোলনের বিরোধী ছিল।
**ব্যাখ্যা ২:** ব্রিটিশ সরকার শ্রমিক-কৃষকদের আন্দোলনের উপর নিষেধাজ্ঞা জারি করেছিল।
**ব্যাখ্যা ৩ :** বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন ছিল মূলতঃ মধ্যবিত্ত শ্রেণির আন্দোলন।

**(২.৫.৪) বিবৃতি :** গান্ধিজি জমিদারদের বিরুদ্ধে কৃষক আন্দোলন সমর্থন করেননি।
**ব্যাখ্যা ১ :** গান্ধিজি ছিলেন জমিদারশ্রেণির প্রতিনিধি।
**ব্যাখ্যা ২:** গান্ধিজ হিংসাত্মক আন্দোলনের বিরোধী ছিলেন।
**ব্যাখ্যা ৩ :** গান্ধিজি শ্রেণিসংগ্রামের পরিবর্তে শ্রেণি সমন্বয়ে বিশ্বাসী ছিলেন।

## বিভাগ 'গ'

**৩। দু'টি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোনো এগারোটি): ১১ × ২ = ২২**

**৩.১** আঞ্চলিক ইতিহাসচর্চা গুরুত্বপূর্ণ কেন?

**৩.২** 'সরকারি নথিপত্র' বলতে কী বোঝায়?

www.sciencetips.in

**৩.৩** সংবাদপত্র এবং সাময়িক-পত্রের মধ্যে পার্থক্য কী?

**৩.৪** মধুসূদন গুপ্ত কে ছিলেন?

**৩.৫** সন্ন্যাসী-ফকির বিদ্রোহ ব্যর্থ হল কেন?

**৩.৬** নীল বিদ্রোহে খ্রিস্টান মিশনারীদের ভূমিকা কিরূপ ছিল?

**৩.৭** জমিদারসভা ও ভারতসভার মধ্যে দুটি পার্থক্য লেখ।

**৩.৮** উনিশ শতকে জাতীয়তাবাদের উন্মেষে 'ভারতমাতা' চিত্রটির কিরূপ ভূমিকা ছিল?

**৩.৯** চার্লস উইলকিনস্ কে ছিলেন?

**৩.১০** বাংলা লাইনোটাইপ প্রবর্তনের গুরুত্ব কী?

**৩.১১** কৃষক আন্দোলনে বাবা রামচন্দ্রের কীরূপ ভূমিকা ছিল?

**৩.১২** মাদারি পাশি কে ছিলেন?

**৩.১৩** মাতঙ্গিনী হাজরা স্মরণীয় কেন?

**৩.১৪** দলিত কাদের বলা হয়?

**৩.১৫** দার কমিশন (১৯৪৮) কেন গঠিত হয়েছিল?

**৩.১৬** পত্তি শ্রীরামালু কে ছিলেন?

## বিভাগ 'ঘ'

**৪। সাত বা আটটি বাক্যে যে-কোনো ছ'টি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্নের উত্তর দাও) :** **৬ × ৪ = ২৪**

**উপবিভাগ: ঘ.১**

**৪.১** 'নীলদর্পণ' নাটক থেকে উনিশ শতকের বাংলার সমাজের কীরূপ প্রতিফলন পাওয়া যায়?

**৪.২** উনিশ শতকে নারীশিক্ষা বিস্তারে ড্রিঙ্কওয়াটার বেথুন কী ভূমিকা গ্রহণ করেছিলেন?

**উপবিভাগ: ঘ. ২**

**৪.৩** হিন্দু মেলা প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?

**৪.৪** 'বঙ্গভাষা প্রকাশিকা সভা'কে প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান বলা হয় কেন?

**উপবিভাগ: ঘ.৩**

www.sciencetips.in

**৪.৫** ছাপাবই-এর সঙ্গে শিক্ষাবিস্তারের সম্পর্ক বিশ্লেষণ কর।

**৪.৬** বাংলায় বিজ্ঞান চর্চার বিকাশে ড. মহেন্দ্রলাল সরকারের কিরূপ অবদান ছিল?

**উপবিভাগ: ঘ.৪**

**৪.৭** ভারত সরকার, কীভাবে দেশীয় রাজ্যগুলিকে ভারতীয় ইউনিয়নে সংযুক্ত করার প্রশ্নটি সমাধান করেছিল?

**৪.৮** কীভাবে কাশ্মীর সমস্যার সৃষ্টি হয়।

## বিভাগ 'ঙ'

**৫। পনেরো বা ষোলটি বাক্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** **১ × ৮ = ৮**

**৫.১** বিদ্যাসাগরের নেতৃত্বে বিধবা বিবাহ আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও। বিদ্যাসাগর কতটা সা- ফল্য অর্জন করেছিলেন। **৮**

**৫.২** বাংলায় কারিগরী শিক্ষার বিকাশের সংক্ষিপ্ত বিবরণ দাও। **৮**

**৫.৩** বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে নারীসমাজ কীভাবে অংশগ্রহণ করেছিল? তাদের আন্দোলনের 'সীমাবদ্ধতা কী? **৮**

## (কেবলমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)
## বিভাগ 'চ'

**৬। ৬.১ একটি সম্পূর্ণ বাক্যে উত্তর দাও (যে-কোনো চারটি):** **৪ × ১ = ৪**

**৬.১.১** 'নীল্দর্পণ' নাটকটির রচয়িতা কে?

**৬.১.২** হিন্দু কলেজ কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়?

**৬.১.৩** 'আনন্দ মঠ' কে রচনা করেন?

**৬.১.৪** কত খ্রিস্টাব্দে বিশ্বভারতী প্রতিষ্ঠিত হয়?

**৬.১.৫** 'মাস্টারদা' নামে কে পরিচিত ছিলেন?

**৬.১.৬** নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস-এর প্রথম সভাপতি কে ছিলেন?

**৬.২ দুটি বা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোনো তিনটি):** **৩ × ২ = ৬**

**৬.২.১** ডেভিড হেয়ার স্মরণীয় কেন?



www.sciencetips.in

**৬.২.২** 'বিপ্লব' বলতে কী বোঝায়?

**৬.২.৩** 'রসিদ আলি দিবস' কেন পালিত হয়েছিল?

**৬.২.৪** 'ভারতভুক্তির দলিল' বলতে কী বোঝায়?

* * *

www.sciencetips.in